বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
১৩৭-১৩৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bscic.gov.bd

জরুরি নোটিস

জাতীয় লবণনীতি-২০১৬ অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের দিক নির্দেশনায় বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) দেশে লবণ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, আয়োডিনযুক্তকরণ এবং বাজারজাতকরণসহ সার্বিক বিষয়ে লবণ শিল্পের পৃষ্ঠপোষক হিসেবে দায়িত্ব পালন করে থাকে। লবণ একটি অত্যাবশ্যকীয় ভোগ্য পণ্য। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ এবং এর প্রাদুর্ভাবজনিত পরিস্থিতিতে সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটিকালীন সকল কর্মকর্তা/কর্মচারীকে সার্বক্ষণিকভাবে কর্মস্থলে থাকার নির্দেশনা রয়েছে। এ ছুটিকালীন অবস্থায় লবণ চাষ, প্রক্রিয়াজাতকরণ ও আয়োডিনযুক্তকরণ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বিসিকের সকল কর্মকর্তা/কর্মচারী কর্মস্থলে উপস্থিত থেকে নিয়মিত যোগাযোগের মাধ্যমে মাঠে লবণ উৎপাদন, লবণ মিলে লবণ প্রক্রিয়াজাত ও আয়োডিনযুক্তকরণ এবং বাজারজাতকরণসহ সার্বিক বিষয়ে সহযোগিতা প্রদানসহ নিয়মিত তথ্য সংগ্রহ করে বিসিক প্রধান কার্যালয়কে (cidddhaka@gmail.com অথবা sarufh@gmail.com)অবহিত করবে। আয়োডিনযুক্ত লবণ উৎপাদনের জন্য একমাত্র উৎস হিসেবে বিসিক লবণ মিলগুলোতে পটাসিয়াম আয়োডেট (আয়োডিন) সরবরাহ করে থাকে। সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটিকালীন নিরবচ্ছিন্নভাবে আয়োডিনযুক্ত লবণ উৎপাদন এবং বাজারজাত অব্যাহত রাখার জন্য লবণ মিলমালিকদের চাহিদা অনুযায়ী পে-অর্ডার/ডিডি/ব্যাংক ড্রাফট/এ্যাকাউন্ট পেয়ী চেকের (প্রযোজ্য ক্ষেত্রে) মাধ্যমে লবণ মিলগুলোতে পটাসিয়াম আয়োডেট সরবরাহ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করা হল।

চেয়ারম্যান, বিসিক

বিতরণঃ (কার্যার্থে)

০১। উপ-মহাব্যবস্থাপক, লবণ শিল্পের উন্নয়ন কর্মসূচির কার্যালয়, বিসিক, কক্সবাজার।

০২। উপ-মহাব্যবস্থাপক, শিসকে, বিসিক, চট্টগ্রাম/কক্সবাজার/খুলনা।

০৩। সহকারী-মহাব্যবস্থাপক, শিসকে, বিসিক, নারয়ণগঞ্জ/চাদপুর।

০৪। উপ-ব্যবস্থাপক, শিসকে, বিসিক, ঝালকাঠি।

০৫। শিল্প নগরী কর্মকর্তা, বিসিক শিল্পনগরী,ইন্দ্রপোল,পটিয়া,চট্টগ্রাম।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে)

০১। পরিচালক সকল, বিসিক, ঢাকা।

০২। প্রকল্প পরিচালক, সিআইডিডি প্রকল্প, বিসিক, ঢাকা।

০৩। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয় বিসিক, ঢাকা/ চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।

০৪। আইসিটি সেল প্রধান, বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।

০৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা।

০৬। সভাপতি,বাংলাদেশ লবণ মিল মালিক সমিতি, পল্টন টাওয়ার, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।